

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن دِحِيةَ بِن خليفةَ قَالَ: أَتَى النَّبِيُّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَبَاطِيَّ فَأَعْطَانِي مِنْهَا قُبْطِيَّةً فَقَالَ: «اصنْدَعْهَا صَدْعَيْنِ فَاقْطَعْ أَحَدَهُمَا قَمِيصًا وَأَعْطِ الْآخَرَ امْرَأَتَكَ تَخْتَمِرُ بِهِ» . فَقَالَ: «وَأُمُرِ امْرَأَتَكَ أَنْ تَجْعَلَ تَحْتَهُ ثَوْبًا لَا يَصِفُهَا» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৩৬৬-[৬৩] দিহ্ইয়াহ্ ইবনু খলীফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে কতকগুলো কিবত্বী (মিসরীয়) কাপড় আনা হলো। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) তা হতে একটি কাপড় আমাকে প্রদান করে বললেনঃ এটাকে দু' খন্ড করে নাও। এক খন্ড কেটে জামা তৈরি করো এবং অপর খণ্ডটি ওড়না হিসেবে ব্যবহারের জন্য তোমার স্ত্রীকে দিও। যখন তিনি ফিরে যেতে লাগলেন, তখন রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমার স্ত্রীকে এ নির্দেশও দেবে, যেন সে তার নিচে অন্য আরেকখানা কাপড় এমনভাবে লাগিয়ে নেয়, যাতে শরীর না দেখা যায়। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৪১১৬, আস্ সুনানুল বুরা লিল বায়হাক্কী ৩৩৮৭, মুসতাদরাক লিল হাকিম ৭৩৮৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, 'আল্লামা মুন্যিরী বলেনঃ এর সনদে আছে 'আবদুল্লাহ ইবনু লাহী'আহ্, যার হাদীস দ্বারা দলীল গ্রহণ করা যায় না। দেখুন- 'আওনুল মা'বূদ শার্হ আবী দাউদ ১১/১১৭ পৃঃ, ৪১১৬ নং হাদীসের ব্যাখ্যা।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (قَبَاطِيّ) 'কবা-ত্বিয়্যা' হচ্ছে এক ধরনের পাতলা কাপড় যা মিসর থেকে আনা হতো। এ হাদীসের শেষে



রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দিহ্ইয়াহ্ কলবী (রাঃ)-এর স্ত্রীর জন্য নির্দেশনা দিয়ে বলেন, তোমার স্ত্রীকে এটা পরতে বলবে তবে এর নীচে অন্য আরেকটি কাপড় দিয়ে নিতে বলবে। কারণ এ কাপড়টি অনেক পাতলা। এটি পরিধান করলে শরীরের চামড়া ও অঙ্গ-প্রত্যঙ্গ দেখা যায়।

হাদীসটি দ্বারা আরও একটি বিষয় প্রমাণিত হয় যে, মহিলাদের জন্য এমন কাপড় পরা বৈধ নয় যে কাপড় পরলে শরীরের চামড়া ও অঙ্গ-প্রত্যঙ্গ দেখা যায়। তারা এমন কাপড় ব্যবহার করবে যাতে শরীরের কোন অঙ্গ দেখা না যায়। যদি পাতলা কাপড় পরতেই চায় তাহলে এর নীচে অন্য কাপড় পরে নিতে হবে, যাতে করে তার শরীরের চামড়া দেখা না যায়। আর যদি পরিধেয় বস্ত্র পুরু হয় তাহলে তার নীচে আর কিছু পরার দরকার নেই।
[সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ দিহ্ইয়াহ্ ইবনু খলীফাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন